

সংগীত কুমার | ক্যাম্পাস | 05 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ‘লিডারশিপ অ্যান্ড পাবলিক স্পিকিং’ শীর্ষক একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৫ মে) দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইসলামিক এডুকেশন অ্যান্ড রিসার্চ (আইআইইআর) ভবনের ১০১ নম্বর কক্ষে এই কর্মশালার আয়োজন করে ক্যাম্পাস অ্যাওয়ারেনেস প্রোগ্রাম (ক্যাপ), কুষ্টিয়া জোন।

ওয়ার্কশপে সভাপতিত্ব করেন ক্যাপ কুষ্টিয়া জোনের সভাপতি নুরুল ইসলাম। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জার্মান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর বায়োটেকনোলজি বিভাগের প্রভাষক সাব্বির আহমেদ। এছাড়াও ক্যাপ কুষ্টিয়া জোনের অন্যান্য সদস্যরাও উপস্থিত ছিলেন।

প্রধান আলোচক সাব্বির আহমেদ বলেন, “নিজেকে না জানলে বিশ্বকে জানা সম্ভব নয়। আমাদের প্রত্যেকের মাঝে রয়েছে ভিন্নতা, রয়েছে স্বকীয়তা। একজন প্রকৃত লিডার হলেন সেই ব্যক্তি, যিনি ভালো-মন্দ উভয় শ্রেণির মানুষকে সঙ্গে নিয়ে পথ চলতে জানেন।”

তিনি আরও বলেন, “যেমন একজন মুসলিম যখন ঘর নির্মাণ করেন, তখন জানালার দিকেও ভাবেন—যাতে আজানের শব্দ শোনা যায়। এখানেই চিন্তার ভিন্নতা। এই ভাবনাগুলোর মধ্য দিয়েই নেতৃত্বের মৌলিক দিকগুলো বিকশিত হয়।”

ইবি

Generated on 28 June, 2025 23:46

URL: <https://www.timestodaybd.com/campus/3962351981>